

চট্টগ্রামে ৬০০ ছাত্রছাত্রীর সভা

এসএসসি পরীক্ষার

সুযোগ দেওয়ার দাবিতে

আজ মানববন্ধন

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম সিটি করপোরেশন পরিচালিত উচ্চ বিদ্যালয়ের প্রায় ৬০০ ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষা দেওয়ার দাবিতে আজ শনিবার চট্টগ্রাম প্রেসক্লাব চত্বরে এক মানববন্ধন কর্মসূচির আয়োজন করেছে। এ ছাড়া আগামী ২৩ ডিসেম্বর থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত আমরণ অনশন কর্মসূচি পালনেরও সিদ্ধান্ত নিয়েছে।

গত বৃহস্পতিবার ছাত্রছাত্রীদের এক জরুরি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। উল্লেখ্য, নির্বাচনী পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য হওয়ার কারণে এসব ছাত্রছাত্রীকে ২০০৩ সালের এসএসসি পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হয়নি।

সভায় ছাত্রছাত্রীরা বলেন, সিটি করপোরেশন পরিচালিত স্কুলগুলোতে পর্যাপ্ত শিক্ষকের অভাব এবং অল্প ইংরেজি, বিজ্ঞানসহ বিভিন্ন বিষয়ে অভিজ্ঞ শিক্ষক না থাকায় ছাত্রছাত্রীরা গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে ফেল করেছে। তারা আরো বলেন, সিটি করপোরেশন বাস্তব সমস্যা সমাধান না করা পর্যন্ত ছাত্রছাত্রীরা অকৃতকার্য হওয়া স্বাভাবিক।

সভায় ছাত্রছাত্রীরা সিটি করপোরেশন পরিচালিত উচ্চ বিদ্যালয়গুলোর সমস্যার কথা বিবেচনা করে অকৃতকার্য হওয়া ছাত্রছাত্রীদের শিক্ষা জীবন রক্ষা করার জন্য সিটি মেয়রের প্রতি দাবি জানান।